# ফেব্রুয়ারিতে নির্বাচন না হলে অন্তর্বর্তী সরকারের পরিণতি আরও ভয়াবহ হবে: কাদের সিদ্দিকী




সংগৃহীত ছবি

আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠিত না হলে অন্তর্বর্তী সরকারের অবস্থা স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের চেয়েও খারাপ হবে বলে মন্তব্য করেছেন বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকী (বীর উত্তম)।

শনিবার (১৬ আগস্ট) বিকেল ৫টায় ঘাটাইলে ঐতিহাসিক মাকড়াই দিবস উপলক্ষে কাদেরিয়া বাহিনীর মুক্তিযোদ্ধাদের সমাবেশে তিনি এ মন্তব্য করেন।

কাদের সিদ্দিকী বিএনপিকে সতর্ক করে বলেন, "আওয়ামী লীগের স্বৈরাচারী ১৬ বছরের শাসনামলে যা হয়েছে, আপনারা যদি ১৬ মাসেই তা করেন তবে জনগণ মুহূর্তেই বিএনপি থেকে মুখ ফিরিয়ে নেবে।"

কৃষক শ্রমিক জনতা লীগ আয়োজিত এ সমাবেশে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা ফজলুর হক (বীর প্রতীক)।

সমাবেশে বক্তব্য দেন সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকীও। তিনি বলেন, "১৯৭১ সালে মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা বিজয় অর্জন করলেও মানুষের মুখে হাসি ফোটাতে পারিনি। সামনে আবারও এ দেশে যুদ্ধ হবে, তবে সেটি হবে না অস্ত্রের, বরং চেতনার। সেই চেতনার যুদ্ধে আমাদের জয়ী হতে হবে।"

LENS ASIA